

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনারের কার্যালয়
কক্সবাজার
www.rrrc.gov.bd

নং- ৫১.০৪.২২০০.০১০.৩৩.০৭৬.২২-২৩/১০৬৩

তারিখ: ১০ ডিসেম্বর ২০২২ খ্রি.

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার, কক্সবাজার এর নিয়ন্ত্রণাধীন শরণার্থী স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার নিমিত্ত ২০২৩ সনে নিম্নবর্ণিত কাজসমূহের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে পৃথক পৃথক পুনঃ দরপত্র আহ্বান করা যাচ্ছে।

কাজের বিবরণঃ


ক্র/নং	কাজের নাম	যে সকল প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন
১.	কক্সবাজার সদর হাসপাতালের চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের জন্য যাবতীয় ঔষধ ও অন্যান্য চিকিৎসা সামগ্রী সরবরাহ।	স্থানীয় ফার্মেসী, কক্সবাজার।
২.	কক্সবাজার সদর হাসপাতালের চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নকরণ।	স্থানীয় ডায়াগনস্টিক সেন্টার, কক্সবাজার।
৩.	শরণার্থী চক্ষু রোগীদের প্রয়োজনীয় চক্ষু চিকিৎসা সেবা প্রদান।	স্থানীয় চক্ষু সেবা হাসপাতাল, কক্সবাজার।
৪.	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের জন্য ঔষধ ও অন্যান্য চিকিৎসা সামগ্রী সরবরাহ।	স্থানীয় ফার্মেসী, চট্টগ্রাম। (চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন)
৫.	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নকরণ।	স্থানীয় ডায়াগনস্টিক সেন্টার, চট্টগ্রাম। (চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন)
৬.	শরণার্থী রোগীদের সহযোগীদের আবাসিক হোটেলে অবস্থানের সুযোগ প্রদান (চট্টগ্রামের জন্য)।	স্থানীয় আবাসিক হোটেল ভাড়া প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠান, চট্টগ্রাম। (চকবাজার ও বহুদার হাট এলাকা)
৭.	টেকনাফ হেল্থ কমপ্লেক্স এর চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের জন্য যাবতীয় ঔষধ ও অন্যান্য চিকিৎসা সামগ্রী সরবরাহ।	স্থানীয় ফার্মেসী, টেকনাফ হেল্থ কমপ্লেক্স এর এলাকায়।
৮.	টেকনাফ হেল্থ কমপ্লেক্স এর চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নকরণ।	স্থানীয় ডায়াগনস্টিক সেন্টার, টেকনাফ হেল্থ কমপ্লেক্স এর এলাকায়।
৯.	উখিয়া হেল্থ কমপ্লেক্স এর চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের জন্য যাবতীয় ঔষধ ও অন্যান্য চিকিৎসা সামগ্রী সরবরাহ।	স্থানীয় ফার্মেসী, উখিয়া হেল্থ কমপ্লেক্স এর এলাকায়।
১০.	উখিয়া হেল্থ কমপ্লেক্স এর চিকিৎসকদের ব্যবস্থাপত্র অনুযায়ী শরণার্থী রোগীদের যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নকরণ।	স্থানীয় ডায়াগনস্টিক সেন্টার, উখিয়া হেল্থ কমপ্লেক্স এর এলাকায়।

দরপত্রের শর্তাবলীঃ

- ০১। দরপত্রের সিডিউল ও অন্যান্য শর্তাবলী আগামী ১৮/১২/২০২২ খ্রিঃ হতে ২২/১২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ২৫০/= টাকা (অফেরৎ যোগ্য) নগদ জমাদান পূর্বক শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনারের কার্যালয়ের আরএইচইউ শাখা হতে সংগ্রহ করা যাবে।
- ০২। দরপত্র সমূহ আগামী ২৬/১২/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত এ কার্যালয়ে রক্ষিত বাক্সে দাখিল করা যাবে। ডাকযোগে প্রেরিত দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৩। সকল দরপত্র ২৬/১২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ০৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনারের কার্যালয়ে খোলা হবে।
- ০৪। সরকারী বিধি মোতাবেক সকল সরবরাহকারী/প্রতিষ্ঠানের নিকট হতে আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- ০৫। একটি কাজের জন্য পৃথক পৃথক দু'টি খামে দরপত্র দাখিল করতে হবে। একটি টেকনিক্যাল এবং অপরটি আর্থিক। টেকনিক্যাল খামে লাইসেন্স, ভ্যাট, আয়কর, পে-অর্ডার, অভিজ্ঞতা ও চাহিত সকল ডকুমেন্ট এবং আর্থিক

খামে এ কার্যালয় হতে গৃহীত দরপত্র সিডিউল পূরণ করে দাখিল করতে হবে। খামের উপর টেকনিক্যাল এবং আর্থিক কথাটি পরিষ্কার করে লিখতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র বাতিল বলে গন্য হবে।

- ০৬। ক্রমিক ১,২,৪,৫,৭,৮,৯, এবং ১০ নং কাজের জন্য অস্থায়ী দরদাতাগণ-কে দরপত্রের সাথে “ শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার” এর নামে ১০,০০০/= (দশ হাজার) টাকার পে অর্ডার/ব্যংক ড্রাফট ফেরতযোগ্য জামানত হিসাবে দাখিল করতে হবে।
- ০৭। কাজের স্বার্থে এবং সেবা ও দ্রব্যাদির গুণগত মান বিবেচনায় কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে। তাছাড়াও কর্তৃপক্ষ যে কোন দরপত্র সাময়িকভাবে স্থগিত, আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ০৮। অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে সংযুক্ত থাকবে।



মোহাম্মদ সামছু-দৌজা
উপসচিব

অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার
ফোন নং - ০৩৪১-৬৩৬৮০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১ জেলা প্রশাসক, কক্সবাজার /চট্টগ্রাম।
- ২ পুলিশ সুপার, কক্সবাজার /চট্টগ্রাম।
- ৩ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার /চট্টগ্রাম।
- ৪ সুপারিন্টেনডেন্ট, সদর হাসপাতাল, কক্সবাজার।
- ৫ মেয়র, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।
- ৬ হেলথ কো অর্ডিনেটর, আরএইচইউ।
- ৭ সহকারী হেলথ কো অর্ডিনেটর, আরএইচইউ।
- ৮ সম্পাদক, দৈনিক কক্সবাজার, দৈনিক পূর্বকোণ, - বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ১৭/১২/২০২২খ্রি: তারিখের মধ্যে স্বল্প পরিসরে ০১ দিন ০১ (এক) বার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯ নোটিশ বোর্ড, এ কার্যালয়।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ সামছু-দৌজা
উপসচিব

অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার
ফোন নং - ০৩৪১-৬৩৬৮০